

ভোয়ের কাগজ

২৪/৬/২০০৩

তারিখ:
সংখ্যা: ৭২... কাল: ... ৪...

১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনে সংসদে বিল উত্থাপন

বুয়েটে উপ-উপাচার্যের পদ সৃষ্টি করা হচ্ছে

কাগজ প্রতিবেদক : দেশে নতুন ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্দেশ্যে জাতীয় সংসদের গতকালের বৈঠকে এ সংক্রান্ত ১২টি বিল উত্থাপন করা হয়েছে। চলতি অধিবেশনেই উত্থাপিত বিলগুলো পাশের জন্য পরীক্ষা-নিরীক্ষা করে ৫ দিনের মধ্যে রিপোর্ট দেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে।

এ ছাড়া বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্যের পদ সৃষ্টি করতে গতকালের বৈঠকে বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয় ১৯৬১ অধ্যাদেশ সংশোধন বিল উত্থাপন করা হয়েছে।

দেশের বিভিন্ন স্থানে নতুন এসব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য আইন করতে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বিলগুলো উত্থাপন করেন। সংসদে এসব বিল পাশ হওয়ার পর সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার যে তারিখ নির্ধারণ করবেন সে তারিখ থেকে এ আইন কার্যকর হবে।

ইতিপূর্বে গৃহীত প্রকল্প অনুযায়ী প্রথম পর্যায়ে রংপুর, দিনাজপুর, গোপালগঞ্জ, টাঙ্গাইল, পটুয়াখালী ও রাঙ্গামাটিতে একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। দ্বিতীয় পর্যায়ে কুমিল্লা, নোয়াখালী, যশোর, বগুড়া, পাবনা ও বরিশাল জেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা রয়েছে।

প্রস্তাবিত আইনে নতুন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিচালনার সার্বিক নীতিমালা অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাবিত আইনের বিধান অনুযায়ী রংপুর জেলায় রংপুর সরকারি কারমাইকেল কলেজ ক্যাম্পাসে রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; রাঙ্গামাটি জেলা সদরের ঝগড়াবিল মৌজায় রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; পটুয়াখালী জেলার পটুয়াখালী কৃষি কলেজ ক্যাম্পাসে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; টাঙ্গাইল সদরে সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; দিনাজপুর জেলার হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ ক্যাম্পাসে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং গোপালগঞ্জ জেলার গোবরা মৌজায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে।

দ্বিতীয় পর্যায়ে কুমিল্লা জেলা সদরের মালমাই মৌজায় কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; নোয়াখালী জেলার সল্লা ও নোয়াখালী মৌজায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; বগুড়া জেলার জামালপুরে বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; যশোর জেলার রামনগরে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; পাবনা জেলার পাবনা-নগরবাড়ী মহাসড়কের উত্তর পাশে গয়েশপুর ধোপাঘাটায় পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার মাধবপাশা ইউনিয়নে বরিশাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে।

নতুন ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের আইন প্রণয়ন করতে উত্থাপিত বিলগুলোর উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতিতে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, উচ্চ শিক্ষিত, দক্ষ ও উৎপাদনশীল জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে বর্তমান পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক শিক্ষার ওপর জোর দেওয়া হয়েছে।

এই উদ্দেশ্য বাস্তবায়নের জন্য শিক্ষা মন্ত্রণালয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক শিক্ষা উন্নয়ন ও সম্প্রসারণের জন্য দেশের ১২টি পুরোনো বৃহত্তর জেলায় (যেখানে কোনো বিশ্ববিদ্যালয় নেই) একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন— প্রথম পর্যায়ে ৬টি শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। ১৯৯৭ সালে জাতীয় অর্থনৈতিক পরিষদে (একনেক) প্রকল্পটি অনুমোদন করা হয়।

এদিকে প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৬১ সংশোধনের উদ্দেশ্যে উত্থাপিত বিলের উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতিতে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, প্রচলিত অধ্যাদেশ অনুযায়ী বুয়েটে উপ-উপাচার্য নিয়োগের সুযোগ নেই। অথচ ১৯৬১ সালের তুলনায় বর্তমানে বুয়েটে ছাত্রছাত্রীর সংখ্যা অনেকগুণ বেড়েছে। উপ-উপাচার্য না থাকায় উপাচার্যের একার পক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান ও পরিবেশ উন্নত করা ও উন্নয়ন কর্মকাণ্ড যথাযথভাবে তদারক করার ক্ষেত্রে ভূমিকা পালন করা কষ্টকর হয়ে পড়েছে। এ অবস্থায় বুয়েট আইনে একজন উপ-উপাচার্য নিয়োগের বিধান সংযোজন করা প্রয়োজন। পাশাপাশি নিয়োগকৃত উপ-উপাচার্যকে বিশ্ববিদ্যালয়ের সিভিকিট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা ও উন্নয়ন কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।